

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখঃ ২১ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ / ০৪ জুন, ২০১৫ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং-১২২-আইন/২০১৫/৭২৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ মোতাবেক ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১০৯-আইন/২০১৪/৭০৪-মূসক নিম্নরূপ সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের—

(১) টেবিল-১ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) —

(ক) 24.02 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) এবং (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“24.02 2402.20.00 তামাকযুক্ত সিগারেট (Cigarettes Containing Tobacco) প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয়মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকিবার শর্তে):

(১) উনিশ টাকা	৪৮
(২) বিশ টাকা হইতে উনচল্লিশ টাকা পর্যন্ত	৬০
(৩) চল্লিশ টাকা হইতে উনসত্তর টাকা পর্যন্ত	৬১
(৪) সত্তর টাকা ও তদুর্ধ্ব	৬৩” ;

শর্তঃ ০৩.০৬.২০১৫ খ্রিঃ তারিখে বিদ্যমান প্রতি দশ শলাকার সিগারেটের বিপরীতে ৩২.৫০ টাকা হইতে ৩৫.০০ টাকা পর্যন্ত মূল্যস্তরের সকল ব্র্যান্ডের সিগারেটসমূহকে উল্লিখিত ৪০.০০ টাকা হইতে ৬৯.০০ টাকা পর্যন্ত মূল্যস্তরে মূল্য নির্ধারণ করিতে হইবে। একইভাবে ০৩.০৬.২০১৫ খ্রিঃ তারিখে বিদ্যমান প্রতি দশ শলাকার সিগারেটের বিপরীতে ৫০.০০ টাকা হইতে ৫৪.০০ টাকা পর্যন্ত মূল্যস্তরে বিদ্যমান সকল ব্র্যান্ডের সিগারেটসমূহকে উল্লিখিত ৭০.০০ টাকা ও তদুর্ধ্ব মূল্যে মূল্য নির্ধারণ করিতে হইবে। এছাড়া, ০৩.০৬.২০১৫ খ্রিঃ তারিখে বিদ্যমান ৯০.০০ টাকা ও তদুর্ধ্ব মূল্যস্তরে বিদ্যমান সকল ব্র্যান্ডের

সিগারেটের মূল্য ন্যূনতম ১০(দশ) টাকা বৃদ্ধিপূর্বক
নতুন মূল্য নির্ধারণ করিতে হইবে।

- (খ) 48.13 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উলিখিত এন্ট্রিসমূহের
পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “48.13 সংশ্লিষ্ট সিগারেট পেপার/বিড়ি পেপার (সাইজ মত কর্তিত ২০”;
এইচ,এস,কোড হউক বা না হউক অথবা বুকলেট বা টিউবের
আকারে)
- (গ) 69.10 এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উলিখিত এন্ট্রিসমূহের
পরিবর্তে নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “69.10 সংশ্লিষ্ট সিরামিকের সিল্ক, বেসিন, প্যাডেস্টাল বেসিন, শূন্য
এইচ, এস,কোড কমোড বা উহার অংশ, যে কোন ধরনের প্যান ও
বাথরুমের অন্যান্য ফিটিংস ও ফিল্মার্স
সংশ্লিষ্ট সিরামিকের বাথটাব ও জিকুজি, শাওয়ার, শাওয়ার ২০”;
এইচ, এস,কোড ট্রে
- (২) টেবিল-৩ এর কলাম (১) এর শিরনামা সংখ্যা S০১২ এবং উহার বিপরীতে উলিখিত
এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-
- “S০১২ “S০১২.১০ টেলিফোনঃ
শুধুমাত্র মোবাইল ফোনের সিম/রিম কার্ড ব্যবহারের ৫
মাধ্যমে প্রদত্ত সেবা
S০১২.২০ সিম কার্ড সরবরাহকারীঃ ৩৫”।
সেলুলার (Mobile/Fixed Wireless)
টেলিফোনের ক্ষেত্রে সিম (Subscriber's Identity
Module-SIM) কার্ড বা রিম (Removable User
Identification Module-RUIM) কার্ড বা অনুরূপ
অন্য কোন Microchip সম্বলিত কার্ড সরবরাহ
অথবা একই উদ্দেশ্যপূরণকল্পে উলিখিত কার্ড ব্যতীত
প্রতিবার Code Division Multiple Access
(CDMA) বা অনুরূপ অন্য কোন পদ্ধতি ব্যবহার

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)
সচিব